

প্রিয় পরিবারবর্গ,

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলস্-এ, আমাদের দায়িত্ব হলো পরবর্তী প্রজন্মকে লালন করা—এবং এতে অন্তর্ভুক্ত আমাদের চারপাশের পরিবেশের যত্ন নেয়া। সেজন্যই আমরা আমাদের স্কুলগুলোতে ক্লাইমেট অ্যাকশন ডে-এর (জলবায়ু রক্ষা কার্যক্রম দিবস) দ্বিতীয় বছর পালন করছি। আজ এবং ভবিষ্যতে—আমাদের ছেলেমেয়েদের জন্য আমাদের কমিউনিটিগুলোকে পরিষ্কার, সবুজ, এবং নিরাপদ রাখার জন্য দীর্ঘস্থায়িত্বের প্রতি আমাদের প্রতিশ্রুতির উপর পদক্ষেপ গ্রহণ করছি।

এই বছর প্রতিটি স্কুলের চারটি ক্লাইমেট অ্যাকশন ডে-তে (জলবায়ু রক্ষা কার্যক্রম দিবস) অংশগ্রহণ করার সুযোগ থাকবে।

প্রথম ক্লাইমেট অ্যাকশন ডে-এর (জলবায়ু রক্ষা কার্যক্রম দিবস) থিম বা প্রতিপাদ্য হলো “আবর্জনা” এবং অধিকাংশ স্কুল মঙ্গলবার, 19 নভেম্বর অংশগ্রহণ করবে।

আমাদের স্কুলগুলো বিবিধ উপায়ে আবর্জনা তৈরি হওয়া প্রতিহত করতে এবং ল্যান্ডফিল-এ (আবর্জনা ফেলার উন্মুক্ত স্থানে) পাঠানো হ্রাস করতে পারে। এই বছর, আমরা যেসব পদক্ষেপ নিচ্ছি তার একটি পন্থা হলো সব K-12 স্কুলগুলোতে সপ্তাহে পাঁচ দিনই কার্বসাইড কম্পোস্টিং পরিষেবা প্রদান।

জলবায়ু পরিবর্তন এবং আমরা সবাই কীভাবে সমাধানের অংশ হতে পারি সেবিষয়ে আপনার সন্তানের সাথে সম্পৃক্ত হতে আমি আপনাকে উৎসাহ দিচ্ছি:

1. ক্লাইমেট অ্যাকশন ডে (জলবায়ু রক্ষা কার্যক্রম দিবস) সম্পর্কে আরো জানতে on.nyc.gov/psClimateActionDays দেখুন।
2. আপনার সন্তানের স্কুলে উল্লেখিতগুলো সম্পর্কে জিজ্ঞেস করুন:
 - **ক্লাইমেট অ্যাকশন ডে-এর (জলবায়ু রক্ষা কার্যক্রম দিবস) পরিকল্পনাসমূহ:** শিক্ষার্থীরা স্কুল-ভিত্তিক সাসটেইনেবিলিটি কোঅর্ডিনেটরগণ কর্তৃক আয়োজিত জলবায়ু সম্পর্কিত কর্মকাণ্ডসমূহে অংশগ্রহণ করবে।
 - **প্লাস্টিক মুক্ত লাঞ্চ দিবস:** অনেক স্কুল 19 নভেম্বর জাতীয় প্লাস্টিক মুক্ত লাঞ্চ দিবসেও (ন্যাশনাল প্লাস্টিক ফ্রি লাঞ্চ ডে) অংশগ্রহণ করবে। যদি আপনার সন্তান বাড়ি থেকে খাবার নিয়ে আসে, তবে পুনরায় ব্যবহারযোগ্য (রিইউজেবল) কন্টেইনার বা পাত্র, কাগজের বা পেপার ব্যাগ, অথবা অ্যালুমিনিয়াম ফয়েল দিয়ে এটি প্যাকেট করে দিন। এগুলো মিশ্র জৈব সারে পরিণত করা বা পুনর্ব্যবহারের জন্য প্রক্রিয়াজাত (রিসাইকেল) করা যেতে পারে, যা প্লাস্টিক ব্যাগ অথবা র‍্যাপ-এর ক্ষেত্রে করা যায় না।
 - **খাবার অনুদান:** স্কুল প্রিন্সিপালকে জিজ্ঞেস করুন তারা খাবার অনুদান (ফুড ডোনেশন) কর্মসূচিতে অংশগ্রহণ করছে কিনা। স্কুলগুলো পরিবারদেরকে এবং স্থানীয় সংগঠনগুলোকে খোলা হয়নি এমন খাবার এবং পানীয় প্রদান করতে পারে, যা খাবারের অপচয় রোধ করে।

একযোগে কাজ করে, আমরা একটি উজ্জ্বলতর, আরও দীর্ঘস্থায়ী ভবিষ্যত গড়ে তুলতে পারি। আমাদের অংশীদার হবার এবং শিক্ষার্থীদের সহায়তা দিতে আপনাদের সকল অবদানের জন্য ধন্যবাদ!

শুভেচ্ছান্তে,



Meredith McDermott

Office of Energy & Sustainability